# Sanatan Dharma

---

**যে কোনো মানুষের সর্বপ্রথম কী করা উচিত ?**

প্রশ্ন :- যে কোনো মানুষের সর্বপ্রথম কী করা উচিত ?

উত্তর :- মনুষ্য জীবনে সর্বপ্রথম কী করা উচিত এটি নিয়ে ভগবান শ্রী কৃষ্ণ শ্রীমদভগবৎ গীতা

16 নং অধ্যায় 23 - 24 নং শ্লোকে সম্পূর্ন নির্দেশ দিয়েছেন যে -

" যঃ শাস্ত্রবিধি - মুৎসৃজ্য বর্ত্ততে কামকারতঃ ।

ন স সিদ্ধি - মবাপ্নোতি ন পরাং গতিম্ " ।। 23 ।।

" তস্মাচ্ছাস্ত্রং প্রমাণং তে কার্য্যকার্য্য - ব্যবস্থিতৌ ।

জ্ঞাত্বা শাস্ত্র বিধানোক্তং কর্ম্ম কর্ত্তুমিহার্হসি " ।। 24 ।।

"যে ব্যক্তি বেদ-বেদাঙ্গ-বেদান্ত এবং শাস্ত্র সম্বন্ধীয় জ্ঞান কোনো শাস্ত্রজ্ঞ শিক্ষা গুরুর কাছে প্রথমে শাস্ত্র সম্বন্ধীয় জ্ঞান গ্রহণ এবং জ্ঞান অর্জনের পর শাস্ত্র অনুসারে যে অধিকার সেই অনুসারে কর্ম করা উচিত ।

আর এইভাবে শাস্ত্রবিধি জানিয়া অধিকার অনুসারে কর্ম করিলে সেই ব্যক্তি সমস্ত কর্মে বা সাধনায় পরম সিদ্ধিলাভ হয় - আর যে ব্যক্তি সর্বপ্রথমে শাস্ত্রজ্ঞান অর্জন না করিয়া , শাস্ত্রবিধি না মানিয়া, শাস্ত্রের অধিকার বিধি না জানিয়া নিজের মন অনুসারে বা অপরের মন রক্ষার্থে বা অপরের মনপ্রসূত উপদেশ বা জ্ঞান অনুসারে চলে তার কখনোই কোনো কর্মে বা সাধনায় সিদ্ধি হয় না বা মুক্তি লাভ হয় না । তাই গীতাতে ভগবান বারবার বলিআছেন - যে ব্যক্তি নিজের মন অনুসারে বা অপরের মন অনুসারে বা অপরের মন রক্ষার্থে যে উপদেশ বা বাক্য শুনিয়া চলে সেই ব্যক্তি কখনই জ্ঞান, সুখ, শান্তি, কোন কর্মে সফল ,সিদ্ধি বা মুক্তি লাভ করিতে পারে না ।

তাই প্রত্যেক ব্যক্তির উচিত ভগবানের নির্দেশ অনুসারে শাস্ত্রজ্ঞ শিক্ষা গুরুর কাছে সর্বপ্রথমে শাস্ত্রবিধি জানিয়া অধিকার অনুসারে কোনটি কর্তব্য এবং কোনটি অকর্তব্য নির্ণয় করিয়া শাস্ত্রবিহিত কর্ম করা উচিত – কারণ একমাত্র এই ভাবেই ভগবানের নির্দেশে চললে যে কোনো ব্যক্তির প্রত্যেক কর্মে সফলতা ,পরম সিদ্ধিলাভ এবং পরম মুক্তি প্রাপ্ত হওয়া যায় ।

Published on: Aug, 26 2022 14:10